Fax No. :880-2-9551072
Grams : AUTHORITY
Phones : 9556151-55
9555042
9552039
9552027

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ

BANGLADESH INLAND WATER TRANSPORT AUTHORITY

বি,আই,ডব্লিউ,টি,এ ভবন
১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা
পোস্ট বক্স-৭৬, ঢাকা-১০০০
বাংলাদেশ

BIWTA BHABAN
141-143, MOTIJHEEL C/A,
POST BOX 76, DHAKA-1000
BANGLADESH

নথি নং-১৮.১১.২৬.০০.০০৮.১১.২২০.১৭/ ২২০৫ তারিখঃ- ০৮ /১১/২০১৮ইং।

নিয়োগ বিজ্ঞপ্তি নং-০৮/২০১৮

বাংলাদেশ অভ্যন্তরীন নৌপরিবহন কর্তৃপক্ষ(বিআইডব্লিউটিএ) এর নিম্নবর্ণিত শূন্য পদে নিয়োগের নিমিত্ত বর্ণিত শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online এ দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	বয়স সীমা	শূণ্য পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১	সহকারী সচিব, প্রশাসনিক কর্মকর্তা, সহকারী পরিচালক (শ্রম ও কল্যাণ), নৌ-কর্মচারী কর্মকর্তা, সহকারী পরিচালক (নৌ ও ক্রয়), সহকারী পরিচালক (বন্দর), সহকারী পরিচালক (নৌ-নিরাপত্তা ও ট্রাফিক), সহকারী পরিচালক (বৈদেশিক পরিবহন), সহকারী বন্দর কর্মকর্তা, ল্যান্ড অফিসার, ল্যান্ড একুইজিশন অফিসার ও সমন্বয় কর্মকর্তা	জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ৯ম গ্রেডভুক্ত ২২,০০০-৫৩,০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	২১-৩০ বৎসর	০১	২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।
২	সহকারী পরিচালক (পরিকল্পনা)	জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ৯ম গ্রেডভুক্ত ২২,০০০-৫৩,০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	২১-৩০ বৎসর	০১	অর্থনীতি/পরিসংখ্যানে স্নাতকোত্তর ডিগ্রী।
৩	সাঁটমুদ্রাক্ষরিক	জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১১তম গ্রেডভুক্ত ১২,৫০০-৩০,২৩০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩০ বৎসর	০৫	উচ্চ মাধ্যমিক পাস। ইংরেজী শর্টহ্যান্ড ও টাইপে কমপক্ষে যথাক্রমে ৭০/২৩ শব্দ এবং বাংলা শর্টহ্যান্ডে ও টাইপে যথাক্রমে ৪৫/২৩ শব্দের দক্ষতা।
৪	তত্ত্বাবধায়ক-কাম-রক্ষণাবেক্ষণকারী, গুদাম সহকারী ও সহকারী	জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১২তম গ্রেডভুক্ত ১১,৩০০-২৭,৩০০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩০ বৎসর	০২	স্নাতক ডিগ্রী।
৫	রেখাবিদ	জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩০ বৎসর	০১	উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাস এবং সুন্দর হাতের লেখা সহ দ্বিতীয় বিভাগ হইতে হইবে।

৬	মনিটর অপারেটর	জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩০ বৎসর	০২	দ্বিতীয় বিভাগে এইচ, এস, সি পাস। প্রার্থীগণ ১ বৎসরের শিক্ষানবীসকালে ডেকা চেইন মনিটরিং এবং রেডিও টেলিফোন যন্ত্রপাতির বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করিবেন।
৭	স্পীড বোট ড্রাইভার	জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩০ বৎসর	০২	অষ্টম শ্রেণী পাসসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং স্পীড বোট চালনার ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
৮	গাড়ীচালক	জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১৬তম গ্রেডভূক্ত টাকা ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩০ বৎসর	০১	অষ্টম শ্রেণী পাসসহ মটরগাড়ী চালনার লাইসেন্স এবং ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
৯	গ্রীজার	জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১৭ম গ্রেডভূক্ত টাকা ৯,০০০-২১,৮০০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩০ বৎসর	১১	এস,এস, সি, অথবা সমমানের যোগ্যতা সহ কিছু অভিজ্ঞতা।
১০	ভান্ডারী	জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১৯তম গ্রেডভুক্ত ৮,৫০০-২০,৫৭০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩০ বৎসর	০৭	অষ্টম শ্রেণী পাসসহ খাদ্য পাক করার জ্ঞান ও অভিজ্ঞতা থাকিতে হইবে ।

০২। বয়স ঃ ০১/১০/২০১৮ তারিখে প্রার্থীদের বয়স উল্লেখ করতে হবে।

০৩। আগ্রহী প্রার্থীদেরকে ২৯/১১/২০১৮ তারিখ পর্যন্ত শুধুমাত্র www.jobsbiwta.gov.bd এর মাধ্যমে অন-লাইনে আবেদন দাখিল করতে হবে।

০৪। আবেদন করার সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী www.jobsbiwta.gov.bd সাইটে পাওয়া যাবে। অনলাইনে আবেদন করার পর প্রাপ্ত Applied ID টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। উক্ত Applied ID টি রকেটের Biller Number হিসেবে ব্যবহার করে ৭২ ঘন্টার মধ্যে ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং রকেটের মাধ্যমে বিআইডব্লিউটিএ'র বিলার আইডি নং-৪২২ এ আবেদন ফি বাবদ ক্রমিক-০১-০২ এ বর্ণিত পদের জন্য ৩২০(তিনশত বিশ) টাকা এবং ক্রমিক-০৩-১০ এ বর্ণিত পদের জন্য ২১৫/-(দুইশত পনেরো) টাকা (অফেরৎযোগ্য) আবেদন ফি জমা দিতে হবে অন্যথায় আবেদন পত্রটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

০৫। আবেদনকারীগণকে তাদের Applied ID টি ব্যবহার করে www.jobsbiwta.gov.bd ওয়েব-সাইট থেকে প্রবেশপত্র সংগ্রহ করার জন্য আবেদন পত্রে উল্লিখিত মোবাইল নম্বরে যথা সময়ে SMS প্রদানের মাধ্যমে অবহিত করা হবে।

০৬। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজ পত্র প্রেরণ করতে হবে না। মৌখিক/ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের সময় প্রার্থীদের আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি দাখিল করতে হবে।

০৭। চাকুরীরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারেন। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ হলে ০৬ নং ক্রমিকে উল্লিখিত শর্ত মোতাবেক দলিলাদি দাখিলের সময় তা তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।

০৮। অসম্পূর্ণ/ভূল তথ্য সম্বলিত দরখাস্ত কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।

০৯। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১০। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে।

১১। বিআইডব্লিউটিএ কর্তৃপক্ষ প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহনের অধিকার সংরক্ষণ করে।

১১/২০১৮

(জুলফা খানম)
যুগ্ম-পরিচালক(সংস্থাপন)
বিআইডব্লিউটিএ, ঢাকা।